গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাস্তবায়ন ও মনিটরিং শাখা
www.cabinet.gov.bd

**সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির ষষ্ঠ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা, মন্ত্রিপরিষদ সচিব। |
| তারিখ | ঃ | ২৯ নভেম্বর ২০১২। |
| সময় | ঃ | বেলা ৩:০০ ঘটিকা। |
| স্থান | ঃ | মন্ত্রিপরিষদ কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট - 'ক'**

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে আলোচনার সূত্রপাত করেন। কমিটির ৫ম সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রাপ্ত দু'টি বিষয় উপস্থাপনের জন্য সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবকে অনুরোধ জানান।

২। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো 'National Population Registration and Identification of Hardcore Poor Households'- শীর্ষক প্রকল্পের মাধ্যমে জুলাই ২০১৩ থেকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে সারা দেশে Population Register প্রণয়নের কার্যক্রম শুরু করবে। প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে তথ্য সংগ্রহের পদ্ধতি, প্রণীত প্রশ্নপত্র এবং এ সংক্রান্ত টেকনিক্যাল বিষয়গুলি মাঠ পর্যায়ে যাচাইয়ের জন্য একটি পাইলট জরিপের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রথম পর্যায়ে মানিকগঞ্জ সদর উপজেলা এবং দ্বিতীয় পর্যায়ে টাঙ্গাইলের নাগরপুর উপজেলায় এ পাইলট জরিপ পরিচালনা করা হবে। এ ছাড়াও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো 'Capacity Building of BBS: Phase – 2 NSDS Preparatin Project'- নামক একটি প্রকল্পের অধীনে 'National Strategy for the Development of Statistics (NSDS)'- নামে একটি পরিকল্পনা দলিলের খসড়া প্রণয়ন করেছে।

৩। **আলোচ্য বিষয়-১: 'National Population Registration and Identification of Hardcore Poor Households Project'-এর অগ্রগতি পর্যালোচনা।**

প্রকল্প পরিচালক সত্যরঞ্জন মন্ডল পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় উল্লেখ করেন যে, ২০২১ সালের মধ্যে দারিদ্র্যের হার শতকরা ১৫ ভাগে নামিয়ে আনার লক্ষ্যে সরকার বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি গ্রহণ করেছে। দরিদ্র জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিতে যথাযথভাবে অন্তর্ভুক্তির জন্য অতিদরিদ্র জনগোষ্ঠীর ডাটাবেজ এবং ন্যাশনাল পপুলেশন রেজিস্টার প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডাটাবেজ প্রণয়ন করা সম্ভব হলে উপকারভোগী নির্বাচন সহজ হবে এবং বিভিন্ন কর্মসূচিতে উপকারভোগী নির্বাচনে দ্বৈততা রোধ করা যাবে। উক্ত ডাটাবেজ প্রণয়নের উদ্দেশ্যে 'National Population Registration and Identification of Hardcore Poor Households'- শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ (১) প্রত্যেক নাগরিকের মৌলিক তথ্যসংবলিত (সিসিডিএস ফরম্যাট) National Population Register প্রণয়ন, (২) অতিদরিদ্র জনগোষ্ঠীর ডাটাবেজ প্রণয়ন এবং (৩) অতিদরিদ্র খানাসমূহকে 'স্মার্ট কার্ড' প্রদান করা।

৩.১। প্রস্তাবিত 'National Population Registration and Identification of Hardcore Poor Households'- শীর্ষক প্রকল্পটির মোট ব্যয় প্রাক্কলন করা হয়েছে ১২৫৮.৭৭ কোটি টাকা। এর মধ্যে জিওবি ১৫৭.৫০ কোটি এবং প্রকল্প সহায়তা ১১০১.২৭ কোটি টাকা। বিশ্বব্যাংক এ প্রকল্পের অর্থায়নে সম্মতি জানিয়েছে। উক্ত প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে একটি পাইলট জরিপের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জরিপ কাজ ১ম পর্যায়ে মানিকগঞ্জ সদর উপজেলায় এবং দ্বিতীয় পর্যায়ে টাঙ্গাইলের নাগরপুর উপজেলায় পরিচালনা করা হবে। পাইলট এলাকার প্রতিটি খানা হতে প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। পাইলট জরিপে আনুমানিক ৬০০ জন গণনাকারী এবং ১০০ জন সুপারভাইজার তথ্য সংগ্রহের দায়িত্ব পালন করবেন। জরিপের জন্য প্রণীত প্রশ্নপত্রে ব্যক্তি সংক্রান্ত তথ্যগুলি সরকারের অনুমোদিত Citizen Core Database Structure (CCDS) ফরম্যাট অনুযায়ী সংগ্রহ করা হবে এবং সংগৃহীত তথ্য ICR (Intelligent Character Recognition) মেশিনের মাধ্যমে প্রক্রিয়াকরণ করা হবে। দরিদ্র খানা চিহ্নিত করার জন্য দারিদ্র্য-অবস্থার সঙ্গে সম্পর্কিত PMT (Proxy Mean Test Variable) অনুযায়ী তথ্য সংগ্রহ করা হবে। মূল প্রকল্পটি জুলাই ২০১৩ থেকে পরবর্তী দুই বছরে বাস্তবায়ন করা হবে। উপস্থাপনা শেষে মন্ত্রিপরিষদ সচিব বিষয়টির উপর মতামত আহ্বান করেন।

৩.২। সচিব, ভূমি মন্ত্রণালয় ডাটাবেজে তথ্য সংগ্রহ ওয়ার্ডভিত্তিক করার পরামর্শ প্রদান করে বলেন যে, এতে ডাটাসমূহ প্রশাসনিক কাজে ব্যবহারের সুবিধা হবে। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ তথ্য সংগ্রহ ফরম কিছু সংশোধনের প্রস্তাব করেন। যেমন, খানা প্রধান মহিলা কি-না বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত কি-না ইত্যাদি তথ্যসমূহ সংযোজন করা যেতে পারে। এ ছাড়া, তথ্য সংগ্রহ ফরমের ১০ নম্বর আইটেমে জমির পরিমাণের ক্যাটেগরিতে 'শুধু বসতভিটা আছে' এরূপ একটি ঘর সংযুক্ত করা যেতে পারে এবং 'লিঙ্গের' ক্ষেত্রে পুরুষ ও মহিলা ছাড়াও 'অন্যান্য'র একটি ঘর রাখা যেতে পারে। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় তথ্য সংগ্রহ ফরমের ব্যবহৃত শব্দ অধিকতর শ্রুতিমধুর করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।

**৪। আলোচ্য বিষয়-২: 'National Strategy for the Development of Statistics (NSDS)'-শীর্ষক পরিকল্পনা দলিলের খসড়া পর্যালোচনা।**

প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে "Capacity Building of BBS: Phase – 2 NSDS Preparatin Project" শীর্ষক একটি প্রকল্পের আওতায় 'National Strategy for the Development of Statistics (NSDS)'- নামে একটি পরিকল্পনা দলিলের খসড়া প্রণয়ন করা হয়েছে। NSDS হচ্ছে পরিসংখ্যান ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের জন্য রচিত একটি বাস্তবসম্মত, অংশগ্রহণমূলক, পরিবর্তনশীল এবং রাষ্ট্রীয় মালিকানাধীন পরিকল্পনা দলিল। এর মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান পদ্ধতিকে শক্তিশালী করার মাধ্যমে ভবিষ্যতে বস্তুনিষ্ঠ পরিসংখ্যান তৈরি করা; যার উপর ভিত্তি করে তথ্যভিত্তিক, সঠিক ও ফলপ্রসূ জাতীয় নীতি ও পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হয়। তা ছাড়া, এর মাধ্যমে পরিসংখ্যানকে জাতীয় পরিকল্পনার মূল ধারার সঙ্গে আরও দৃঢ়ভাবে সম্পৃক্ত করা সম্ভব হবে।

৪.১। NSDS তৈরির জন্য ইতোমধ্যে কতগুলি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে, যেমন – (ক) দেশের উচ্চ পর্যায়ের রাজনীতিবিদ, নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, শিক্ষাবিদ ও গবেষকের সঙ্গে মতবিনিময়; (খ) ঢাকা ও বিভাগীয় শহরে ওয়ার্কশপ অনুষ্ঠান; (গ) পরিসংখ্যানের বর্তমান অবস্থা সম্পর্কে স্টেকহোল্ডারগণের মতামত গ্রহণ; (ঘ) বিভিন্ন মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে 'ফোকাল পয়েন্ট গ্রুপ' গঠন এবং (ঙ) NSDS বাস্তবায়নের জন্য অর্থায়ন সহজতর করার লক্ষ্যে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি নিয়ে 'Development Partner Focal Point Group' নামে একটি কমিটি গঠন।

৪.২। পরিসংখ্যান ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের জন্য আরও কতিপয় গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হবে। যেমন, GDP হিসাব বাৎসরিকের পাশাপাশি ত্রৈমাসিক ভিত্তিতে প্রদান করা এবং এ হিসাব নিরূপণের ক্ষেত্রে System of National Accounts (SNA-93)-এর পরিবর্তে SNA-2008 অনুসরণ করা। বর্তমানে ৫ বছর পর পর poverty estimate করা হয়। এটি যাতে তিন বছর পর পর করা যায় সে জন্য Household Income and Expenditure Survey (HIES) তিন বছর পর পর করা হবে। Industrial Statistics আরও বস্তুনিষ্ঠভাবে করার লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ Business Register তৈরি করা হবে, যেখানে দেশের প্রতিটি শিল্পকারখানা ও সেবা প্রতিষ্ঠানের মৌলিক তথ্য থাকবে।

৪.৩। ত্রৈমাসিক ভিত্তিতে Labour Force Survey করা হবে যাতে করে কর্মক্ষম লোকের সংখ্যা, বেকারত্বের হার ইত্যাদি উপাত্ত ত্রৈমাসিকভিত্তিতে প্রদান করা যায়। কৃষি পরিসংখ্যান আরও নির্ভুল করার লক্ষ্যে ক্লাস্টারগুলিকে হালনাগাদকরণ, ক্লাস্টারের সংখ্যা বৃদ্ধি ও ডিজিটালাইজ করা হবে। Crop Statistics-এর পাশাপাশি Forestry, Fisheries ও Livestock সংক্রান্ত বিষয়েও নিয়মিত পরিসংখ্যান প্রদান করা হবে। বিভিন্ন ফসলের উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্য নিয়মিত প্রদান করার উদ্যোগ নেওয়া হবে। তা ছাড়া, খাদ্যের সঠিক উৎপাদন ও চাহিদা নিরূপণের লক্ষ্যে "Food Balance Sheet" তৈরি করা হবে। Demography & Health Statistics-এর ক্ষেত্রে পূর্ণাঙ্গ Civil Registration System চালু করা হবে যাতে Death, Birth, Marriage ও Migration সংক্রান্ত তথ্য নিয়মতি প্রদান করা সম্ভব হয়। খাদ্য নিরাপত্তা ও Nutritional Surveillance কার্যক্রমকে প্রতিষ্ঠানিক রূপ দান করা হবে। দেশের প্রতিটি লোকের মৌলিক তথ্য সংরক্ষণের লক্ষ্যে National Population Register (NPR) তৈরি করা হবে।

৪.৪। পরিকল্পনাটি জুলাই/২০১৩ থেকে জুন/২০২৩ মেয়াদে মোট ১০ বছরে বাস্তবায়িত হবে, যার জন্য মোট অর্থের প্রয়োজন হবে ৪৭২০১.৮৭ মিলিয়ন বা ৪৭২০ কোটি টাকা। প্রাথমিক পর্যায়ে জুন/২০১৩ থেকে জুলাই/২০১৬ মেয়াদে তিন বছরের জন্য এটি বাস্তবায়িত হবে এবং এতে প্রায় ২৩৯৩৩.৬৫ মিলিয়ন বা ২৩৯৩ কোটি টাকার প্রয়োজন হবে।

৪.৫। উপস্থাপনা শেষে সভাপতি উল্লেখ করেন যে, এটি সরকারের একটি গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী বিষয় হিসাবে এই দলিলটিতে সকল মন্ত্রণালয় ও বিভাগের সুচিন্তিত মতামত যথাযথভাবে প্রতিফলিত হওয়া প্রয়োজন। সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত সন্নিবেশপূর্বক দলিলটি চূড়ান্ত করা হলে তা অধিকতর ফলপ্রসূ হবে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

**৫। আলোচ্য বিষয় -৩: সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদনের সুপারিশসমূহের ভিত্তিতে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

৫.১। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদনের সুপারিশসমূহের ভিত্তিতে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করা হয়। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়নের কার্যক্রম সমন্বয় ও তদারকির জন্য একটি উপকমিটি গঠন করা হয়েছে। সাধারণ অর্থনীতি বিভাগ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করছে। এ কৌশল প্রণয়নের সঙ্গে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগকে কার্যকরভাবে সম্পৃক্ত করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ এবং এ সংক্রান্ত অগ্রগতি কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিকে অবহিত করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

**৬। সিদ্ধান্তঃ**

৬.০ সভায় আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৬.১ 'National Population Registration and Identification of Hardcore Poor Households Project'-এর তথ্য-উপাত্ত সংগ্রহ ওয়ার্ডভিত্তিক করা যেতে পারে। তথ্য সংগ্রহ ফরমে অনগ্রসর জনগোষ্ঠীর তথ্য, খানা প্রধান মহিলা বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত কি-না তা সংযুক্ত করা যেতে পারে। ফরমের ১০ নং আইটেমে জমির পরিমাণের ক্যাটেগরিতে 'শুধু বসতভিটা আছে' – এমন একটি ঘর করা যেতে পারে। লিঙ্গের কলামে পুরুষ ও মহিলা ছাড়াও 'অন্যান্য'র জন্য একটি ঘর সন্নিবেশ এবং তথ্য সংগ্রহ ফরমের ভাষাগত আরও সম্পাদনা করা যেতে পারে। এ সকল পরামর্শ যতদূর সম্ভব গ্রহণপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ 'তথ্য সংগ্রহ ফরম' পরিমার্জন করবে।

৬.২ 'National Strategy for the Development of Statistics (NSDS)'-শীর্ষক পরিকল্পনা দলিলের খসড়া সকল মন্ত্রণালয় ও বিভাগে প্রেরণপূর্বক লিখিত মতামত সংগ্রহ করে তা সন্নিবেশপূর্বক প্রশাসনিক বিভাগ খসড়াটি পুনরায় কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থাপন করবে।

৬.৩ কর্মসূচি বাস্তবায়নকারী মন্ত্রণালয় ও বিভাগসমূহ স্ব স্ব সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি মূল্যায়নের মাধ্যমে এগুলির কার্যকারিতা নিরূপণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

৬.৪ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় স্কুল ফিডিং কর্মসূচি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় জাতীয় পুষ্টি কর্মসূচির কার্যক্রমের অগ্রগতি কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করবে।

৬.৫ কর্মসূচি বাস্তবায়নকারী মন্ত্রণালয় / বিভাগসমূহ বর্তমান সরকারের মেয়াদে পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহ এবং তৎপূর্বে গৃহীত অনুরূপ কর্মসূচিসমূহের সংখ্যা এবং সেগুলির প্রভাবের তুলনামূলক চিত্র প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

৭। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা)
মন্ত্রিপরিষদ সচিব
এবং
আহ্বায়ক
সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত
কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি।